গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

সূচিপত্র

বিষয়			পৃষ্ঠা
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র			৩
উপক্রমণিকা			৪
সেকশন ১	:	রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২	:	বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩	:	কৌশলগত উদ্দেশ্য , অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭-৯
সংযোজনী ১	:	শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২	:	কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১২
সংযোজনী ৩	:	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয় /বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১৩

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডেরকর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Bangladesh Film Censor Board)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ

অশ্লীল চলচ্চিত্র নির্মাণ ও প্রদর্শন বন্ধে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বো র্ডের পরিদর্শন এবং এ উদ্দেশ্যে গঠিত জেলা টাস্কফোর্সের কার্যক্রম জোরদার করায় চলচ্চিত্রে অ শ্লীলতা হ্রাস পেয়েছে । জনসাধারণের মধ্যে প্রদর্শনের উদ্দেশ্যে জুলাই ২০১৪ থেকে মার্চ ২০১৭ পর্যন্ত মোট ২১৯টি পূর্ণদৈর্ঘ্য বাংলা ও ১৫৭টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র, ৪০টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, ১৬৬টি বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের ট্রেইলার এবং ৩টি প্রামাণ্যচিত্র সেন্সরপূর্বক সনদপত্র প্রদান করা হয়েছে।৯০৭টি সিনেমা হল পরিদর্শন করা হয়েছে। সিনেমা হলে প্রদর্শিত চলচ্চিত্রের সাথে সেন্সরবিহীন ও অশ্লীল দৃশ্য জুড়ে দিয়ে প্রদর্শন করায় প্রদর্শিত চলচ্চিত্রগুলো জব্দ করার জন্য সংশ্লিষ্ট থানায় ৫২টি জব্দপত্র প্রেরণ করা হয়েছে এবং ৩৪টি চলচ্চিত্রের প্রযোজককে ব্যাখ্যা তলব করা হয়েছে । এছাড়া বিভিন্ন অপরাধে ৫টি চলচ্চিত্রের সেন্সর সনদপত্র সাময়িকভাবে স্থগিত করা হয়েছে এবং পরবর্তীতে বিধি মোতাবেক চলচ্চিত্রগুলোর সেন্সর সনদপত্র স্থায়ীভাবে বাতিল করা হয়েছে । বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ ই-ফাইলিং ব্যবস্থা প্রবর্তিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত ৩৩টি পদের মধ্যে ১৬টি পদ শূন্য । নিজস্ব নিয়োগবিধি না থাকায় শূন্য পদে জনবল নিয়োগ দেওয়া সম্ভব হচ্ছে না । ভাড়া ভবনে স্থান স্বল্পতার কারণে মূল্যবান চলচ্চিত্রের প্রিন্ট যথাযথভাবে সংরক্ষণ এবং কর্মকর্তা-কর্মচারী, বোর্ড সদস্য ও আপিল কমিটির সম্মানিত সদস্যদের বসার স্থান সংকুলান কঠিন হচ্ছে । উন্নত প্রযুক্তি সম্বলিত ডিজিটাল চলচ্চিত্র পরীক্ষণের জন্য উপযুক্ত ডিজিটাল সিনেমা প্রজেক্টর নেই । ফলে হার্ডড্রাইভে আমদানিকৃত ডিজিটাল চলচ্চিত্র সেন্সরের উদ্দেশ্যে পরীক্ষার জন্য সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের প্রজেকশন হল ব্যবহার করতে হয় । চলচ্চিত্রের প্রযোজক/স্বত্বাধিকারীগণ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের অনেক সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করে থাকেন । আইন কর্মকর্তার পদ না থাকায় এসব মামলার জবাব তৈরিসহ মামলা পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যর সম্মুখীন হতে হয় ।

ভবিষ্যৎ পরিকল্পনা

''বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন'' প্রণয়ন, অত্যাধুনিক ডিজিটাল সিনেমা প্যাকেজ (ডিসিপি) ক্রয়, নিজস্ব ভবনে অফিস স্থানান্তর।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- জমাকৃত বাংলা চলচ্চিত্র, ইংরেজি চলচ্চিত্র এবং ট্রেইলারের ৯৫% এর সেন্সর সনদপত্র প্রদান ;
- চলচ্চিত্র উৎসবের জন্য জমাকৃত চলচ্চিত্র এবং বিদেশি দূতাবাসের চলচ্চিত্রের ৯৫% এর সেন্সর সনদপত্র প্রদান ;
- ২৫০টি প্রেক্ষাগৃহ পরিদর্শন।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১:

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) :

১.১ রূপকল্প (Vision):

সুস্থ বিনোদন উপযোগী, সাংস্কৃতিক ঐতিহ্যসমৃদ্ধ এবং দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনানির্ভর চলচ্চিত্র

১.২ অভিলক্ষ্য (Mission):

চলচ্চিত্র নিমার্তাগণকে যুগপৎ উৎসাহ প্রদান এবং প্রয়োজনীয় সেন্সরশিপ আরোপের মাধ্যমে জনগণকে দেশীয় সামাজিক-সাংস্কৃতিক, ঐতিহ্য-মূল্যবোধ, গণতন্ত্র, দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ চলচ্চিত্র উপহার দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. সুস্থ বিনোদন উপযোগী, দেশীয় সামাজিক-সাংস্কৃতিক ঐতিহ্য-মূল্যবোধের ধারক ও গণতন্ত্র-দেশপ্রেম-মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান এবং এরূপ সংস্কৃতি, ঐতিহ্য, মূল্যবোধ ও চেতনার পরিপন্থি চলচ্চিত্রের জন্য সেন্সর সনদপত্রের আবেদন অগ্রাহ্য করা;
২. সেন্সরবিহীন চলচ্চিত্রের প্রদর্শন বন্ধ করা, সেন্সর সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রে টেম্পারিং বা অননুমোদিত দৃশ্য সংযোজন করে প্রদর্শন বন্ধ করা তথা সেন্সরশিপ আইন, বিধি ও আদেশসমূহের বাস্তবায়ন;
৩. চলচ্চিত্রের বিকাশে সহায়ক কার্যক্রমে যুক্ত থাকা।

১.৪ কার্যাবলি (Functions):

১. দেশীয় বাণিজ্যিক ও অবাণিজ্যিক চলচ্চিত্রের সেন্সর করা এবং সেন্সর সনদপত্র প্রদান;
২. আমদানিকৃত চলচ্চিত্রের সেন্সর করা এবং সেন্সর সনদপত্র প্রদান;
৩. অবাণিজ্যিক চলচ্চিত্র উৎসবের জন্য বিদেশি দূতাবাস হতে প্রাপ্ত চলচ্চিত্র সেন্সর করা এবং বিশেষ সেন্সর সনদপত্র প্রদান;
৪. আন্তর্জাতিক ও দেশীয় চলচ্চিত্র উৎসবের জন্য চলচ্চিত্রের সেন্সর করা এবং বিশেষ সেন্সর সনদপত্র প্রদান;
৫. সেন্সর সনদপত্র প্রদত্ত চলচ্চিত্রের ট্রেইলার ও বিজ্ঞাপন সেন্সর করা;
৬. চলচ্চিত্রের প্রচার উপকরণসমূহ যেমন-পোস্টার, ব্যানার ও স্থির আলোকচিত্রের অনুমোদন প্রদান;
৭. সারা দেশের সিনেমা হলসমূহ পরিদর্শন করা এবং চলচ্চিত্র সেন্সর অ্যাক্ট , বিধি ও এ সংক্রান্ত সরকারি আদেশসমূহ বাস্তবায়ন নিশ্চিত করা;
৮. জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহযোগিতা প্রদান;
৯. ফিল্ম ক্লাবসমূহের রেজিস্ট্রেশন প্রদান ও তাদের আয়োজনে চলচ্চিত্র উৎসবের চলচ্চিত্র সেন্সর করা, ফিল্ম ক্লাবসমূহের কার্যক্রম তদারকি করা;
১০. আমদানিকৃত চলচ্চিত্রের জন্য অনাপত্তিপত্র (NOC) প্রদান ;
১১. চলচ্চিত্রের পাইরেসি বন্ধে সহায়তা প্রদান ;
১২. জাতীয় চলচ্চিত্র নীতিমালা প্রণয়নে সহায়তা প্রদান।

সেকশন ২

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডেরবিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল /প্রভাব(Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৫-১৬	২০১৬-১৭* (সম্ভাব্য)		২০১৮-১৯	২০১৯-২০২০		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
চলচ্চিত্রে অশ্লীলতা কমেছে, উন্নত সাংস্কৃতিক সমাজ বিনির্মাণে সহায়ক হয়েছে এবং চলচ্চিত্র সেন্সর সংক্রান্ত সেবা প্রাপ্তি সহজ হয়েছে।	মামলার সংখ্যা হ্রাস	সংখ্যা	৬৬	৫৮	৫৬	৫৫	৫৪	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, পুলিশ বিভাগ, জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস	বার্ষিক প্রতিবেদন
	অশ্লীলতার অভিযোগ হ্রাস	সংখ্যা	৭০	৪৮	৪৫	৪০	৩৮	পুলিশ বিভাগ, জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস	ঐ
	সেন্সরের জন্য প্রয়োজনীয় ফর্মসমূহ ও তথ্য ওয়েবসাইটে প্রদান	সংখ্যা	১০	১২	১২	১২	১৩	-	ওয়েবসাইট
	সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রের তথ্য ওয়েবসাইটে প্রদান	%	১৬০	১২৮	১০০%	১০০%	১০০%	-	ওয়েবসাইট

বি: দ্র: ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত ‘সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রের তথ্য ওয়েবসাইটে প্রদান’ এর কর্মসম্পাদন সূচক সংখ্যায় ছিল।

সেকশন ৩
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017 - 18)					প্রক্ষেপণ (noitcejorP) ২০১৮-১৯	প্রক্ষেপণ (noitcejorP) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭*	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
সুস্থ বিনোদন উপযোগী, দেশীয় ইতিহাস-সাংস্কৃতিক ঐতিহ্য ও মূল্যবোধের ধারক ও গণতন্ত্র-দেশপ্রেম-মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান এবং এরূপ সংস্কৃতি, ঐতিহ্য, মূল্যবোধ ও চেতনার পরিপন্থি চলচ্চিত্রের জন্য সেন্সর সনদপত্রের আবেদন অগ্রাহ্য করা	৫৫	বাংলা ও ইংরেজি চলচ্চিত্র, চলচ্চিত্রের ট্রেইলার ও বিজ্ঞাপনচিত্র, উৎসবের চলচ্চিত্র এবং বিদেশি দূতাবাসের চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান	১.১ প্রাপ্ত বাংলা চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	%	২৫	১১৩ (লক্ষ্যমাত্রা ১০০)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			১.২ প্রাপ্ত ইংরেজি চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	%	১০	৬৩ (লক্ষ্যমাত্রা ৬৫)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			১.৩ প্রাপ্ত বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের ট্রেইলারের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	%	৫	৬২ (লক্ষ্যমাত্রা ৬৫)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			১.৪ প্রাপ্ত বিজ্ঞাপনচিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	%	৫	২১ (লক্ষ্যমাত্রা ১২)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			১.৫ প্রাপ্ত চলচ্চিত্র উৎসবের চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	%	৫	১৬৪ (লক্ষ্যমাত্রা ১৩০)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			১.৬ প্রাপ্ত বিদেশি দূতাবাসের চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	%	৩	৫৭ (লক্ষ্যমাত্রা ২৫)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			১.৭ প্রাপ্ত প্রচার সামগ্রীর অনুমোদনের আবেদন নিষ্পত্তিকৃত	%	২	১৩৫ (লক্ষ্যমাত্রা ৯০)	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
সেন্সরবিহীন চলচ্চিত্রের প্রদর্শন বন্ধ করা, সেন্সর সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রের প্রচার সামগ্রীর টেম্পারিং বা অননুমোদিত দৃশ্য সংযোজন করে প্রদর্শন বন্ধ করা তথা সেন্সরশিপ আইন, বিধি ও সরকারি আদেশসমূহের বাস্তবায়ন	২০	প্রেক্ষাগৃহ পরিদর্শন	২. পরিদর্শনকৃত প্রেক্ষাগৃহ	সংখ্যা	২০	৩৫৩ (লক্ষ্যমাত্রা ৩৫০)	২৫০	২৫০	২৩৫	২২৫	২১০	২০০	২৫০	২৫০
চলচ্চিত্রের বিকাশে সাহায়ক কার্যক্রমে যুক্ত থাকা	৫	চলচ্চিত্রের বিকাশে সহায়ক কার্যক্রম	৩.১ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডকে জমাকৃত চলচ্চিত্রসমূহের পরীক্ষণের ব্যবস্থাসহ সার্বিক সাচিবিক সহায়তা প্রদান	%	৩	১টি	৯৫%	৯৫%	৯২%	৯০%	৮৭%	৮৫%	৯৫%	৯৫%
			৩.২ চলচ্চিত্র সংসদ /ক্লাবসমূহের নিবন্ধনের আবেদন নিষ্পত্তিকৃত	%	২	৩ (লক্ষ্যমাত্রা ৪)	৮০%	৮০%	৭৫%	৭০%	৬৫%	৬০%	৮০%	৮০%

দ্রষ্টব্য: ২০১৫-১৬ অর্থবছরে সকল লক্ষ্যমাত্রা সংখ্যায় নির্ধারিত ছিল।

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সুচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে ((Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	.৫	১৯ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল	২৬ এপ্রিল	২৭ এপ্রিল
		মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	১৫ জুন	১৮ জুন	১৯ জুন	২০ জুন	২১ জুন
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	.৫	৪	৩	-	-	-
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৪ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৮ জানুয়ারি	২১ জানুয়ারি	২২ জানুয়ারি
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৯	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত	%	১	৪০	৩৫	৩০	২৫	২০
		ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা	ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত	%	.৫	১০০	৯৫	৯০	৮৫	৮০
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারীকৃত	%	.৫	১০০	৯০	৮০	-	-
		সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিস্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	%	১	৮০	৭৫	৭০	৬৫	৬০
		দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত	কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	১৫ মার্চ	-
		দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি
			উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড	সংখ্যা	১	২৫	২০	১৫	১০	-

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সুচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে ((Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	৩	অডিট আপত্তি নিষ্পত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০
		স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	১	১ ফেব্রুয়ারি	১৫ ফেব্রুয়ারি	২৮ ফেব্রুয়ারি	২৮ মার্চ	১৫ এপ্রিল
			অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	.৫	১ ফেব্রুয়ারি	১৫ ফেব্রুয়ারি	২৮ ফেব্রুয়ারি	২৮ মার্চ	১৫ এপ্রিল
		দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা	কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	.৫	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৪ ডিসেম্বর
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	২	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	.৫	১৩ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	.৫	৪	৩	-	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	.৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
		স্বপ্রণোদিত তথ্য প্রকাশ	স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত	%	.৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৪ ডিসেম্বর

আমি, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, তথ্য মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যানের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ভাইস চেয়ারম্যান বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড	তারিখ
সচিব তথ্য মন্ত্রণালয়	তারিখ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

ক্রমিক নম্বর		কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
০১	বাংলা ও ইংরেজি চলচ্চিত্র, চলচ্চিত্রের ট্রেইলার ও বিজ্ঞাপনচিত্র, উৎসবের চলচ্চিত্র এবং বিদেশি দূতাবাসের চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান	প্রাপ্ত বাংলা চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত	চলচ্চিত্র/ট্রেইলার/বিজ্ঞাপনচিত্রে অশ্লীলতা, সমাজ বা রাষ্ট্র বিরোধী উপাদান অথবা আইন শৃঙ্খলা পরিপন্থি কিছু আছে কি-না তা পরীক্ষা করে সনদ প্রদান করা হয়।	বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।	ওয়েবসাইট (www.bfcb.gov.bd) এবং বার্ষিক প্রতিবেদন	-
০২		প্রাপ্ত ইংরেজি চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত				-
০৩		প্রাপ্ত বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের ট্রেইলারের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত				-
০৪		প্রাপ্ত বিজ্ঞাপনচিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত				-
০৫		প্রাপ্ত চলচ্চিত্র উৎসবের জন্য চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত				-
০৬		প্রাপ্ত বিদেশি দূতাবাসের চলচ্চিত্রের সেন্সর আবেদন নিষ্পত্তিকৃত				-
০৭		প্রাপ্ত চলচ্চিত্রের প্রচার সামগ্রীর অনুমোদনের আবেদন নিষ্পত্তিকৃত	অশ্লীলতা, সমাজ বা রাষ্ট্র বিরোধী উপাদান অথবা আইন শৃঙ্খলা পরিপন্থি কিছু না থাকা সাপেক্ষে অনুমোদন দেওয়া হয়।			-
০৮	প্রেক্ষাগৃহ পরিদর্শন	পরিদর্শনকৃত প্রেক্ষাগৃহ	সেন্সরবিহীন, টেম্পারিংকৃত বা অননুমোদিত দৃশ্য/সংলাপ সংযোজিত চলচ্চিত্র, টেইলার ও প্রচার সামগ্রীর প্রদর্শন বন্ধ করা তথা সেন্সরশিপ আইন, বিধি ও এ সংক্রান্ত সরকারি আদেশসমূহের বাস্তবায়ন নিশ্চত করতে সরেজমিনে প্রেক্ষাগৃহ পরিদর্শন করা হয়।			-
০৯	চলচ্চিত্রের বিকাশে সহায়ক কার্যক্রম	জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান	জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করা হয়।			-
১০		চলচ্চিত্র সংসদ /ক্লাবসমূহের নিবন্ধনের আবেদন নিষ্পত্তিকৃত	সংঘ, সমিতি, ক্লাব, সংস্থা যার সদস্যরা চলচ্চিত্র প্রদর্শন করবেন তাদের রেজিস্ট্রেশন দেওয়া হয়।			-

সংযোজনী ৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকটসুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সংশ্লিষ্ট থানাসমূহ)	প্রেক্ষাগৃহ পরিদর্শন	পরিদর্শনকৃত প্রেক্ষাগৃহ	পরিদর্শন প্রতিবেদন বা অভিযোগের আলোকে সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষ সেন্সরবিহীন চলচ্চিত্র, অশ্লীল ও অননুমোদিত প্রচার সামগ্রী জব্দসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	অন্যথায় সেন্সরবিহীন, অশ্লীল ও অননুমোদিত চলচ্চিত্র, অননুমোদিত প্রচার সামগ্রী প্রদর্শন হ্রাস করা যাবে না।	অশ্লীলতা বৃদ্ধি পাবে, সুস্থ বিনোদনের পরিবেশ বিঘ্নিত হবে, সমাজে কুসংস্কার, কুপমন্ডুকতা ও অস্থিরতা সৃষ্টি হবে।
জনপ্রশাসন মন্ত্রণালয় (জেলা প্রশাসন)		ঐ	প্রয়োজনীয় ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা/ম্যাজিস্ট্রেটের উপস্থিতি নিশ্চিত করাসহ সেন্সরশিপ ও সিনেমাটোগ্রাফ আইন বাস্তবায়নে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণে সহযোগিতা প্রদান করবে।	অন্যথায় সেন্সরবিহীন চলচ্চিত্র ও অননুমোদিত প্রচার সামগ্রী প্রদর্শন হ্রাস করা যাবে না।	
তথ্য মন্ত্রণালয় (জেলা তথ্য অফিস)		ঐ	তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে জেলা পর্যায়ে পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসনের সঙ্গে যথাযথ সমন্বয় করে সেন্সরশিপ ও সিনেমাটোগ্রাফ আইন বাস্তবায়ন গতিশীল রাখবে।	অন্যথায় সেন্সরবিহীন চলচ্চিত্র ও অননুমোদিত প্রচার সামগ্রী প্রদর্শন হ্রাস করা যাবে না।	